



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

সরাইপাড়া সিটি কর্পোরেশন স্কুল ও কলেজের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর উদ্বোধনে মেয়র

বিশ্ব মানের বসবাসযোগ্য নগর গড়তে
একগুচ্ছ পরিকল্পনা নিয়ে কাজ করছে চসিক

চট্টগ্রাম- ৩ নভেম্বর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন প্রাকৃতিক সৌন্দর্য বেষ্টিত চট্টগ্রাম নগরকে পরিবেশ বান্ধব পরিচ্ছন্ন সবুজ এবং যথাযথ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বিশ্বমানের বসবাসযোগ্য নান্দনিক শহরে পরিণত করতে একগুচ্ছ পরিকল্পনা নিয়ে কাজ করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। নগর ভবন, আইটি ভিলেজ, মাস্টার প্ল্যান্টের সুপারিশ মতে প্রস্তাবিত নতুন সড়ক, ফিরিঙ্গী বাজার হতে বারিকবিল্ডিং পর্যন্ত ফ্লাইওভার, মুরাদপুর, বাউতলা, অক্সিজেন ও আকবরশাহ, রেলক্রসিং উপর ওভার পাস, ঢাকা ও হাটাজারী মুখী বাসটার্মিনাল, টোল রোডের পাশে কন্টেইনার ট্রাক টার্মিনাল, নগরীর গুরুত্বপূর্ণ মোড়ে ওভার পাস অথবা আন্ডার পাস, চান্দগাঁও ও লালচাদ রোডে বহুতল ভবন, কাচাঁবাজার আধুনিকায়ন, কিচেন মার্কেট, সেন্টার হাউজ, স্পোর্টস কমপ্লেক্স, ওয়ার্ড ভিত্তিক খেলার মাঠ, শিশু পার্ক, কমিউনিটি সেন্টার, ব্যায়ামগার, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, আধুনিক কনভেনশন হল, জোন ভিত্তিক থিয়েটার ইনস্টিটিউট নির্মাণের পরিকল্পনা রয়েছে। এছাড়া জাইকার অর্থায়নে সাগরিকা মাজার হতে এ কে খান হয়ে সিটি গেইট পর্যন্ত একটি ফ্লাইওভার নির্মাণের পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে কুলগাঁও এলাকায় আধুনিক বাস টার্মিনাল ও ফিরিঙ্গীবাজার পরিচ্ছন্ন কর্মী নিবাস একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে এবং বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য বাংলাদেশ উন্নয়ন বোর্ড এবং হাইটেক পার্ক এর সাথে চসিকের চুক্তি হয়েছে। এ সমস্ত পরিকল্পনাদি বাস্তবায়িত হলে মেগাসিটির আদলে চট্টগ্রাম নগর একটি বিশ্ব মানের নগরীতে পরিণত হবে। তিনি আজ শনিবার দুপুরে সরাইপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় ও কলেজের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন কাজের উদ্বোধনকালে একথা বলেন। অনুষ্ঠানে উদ্বোধক ছিলেন সাবেক মন্ত্রী, সংসদীয় আসন ১০ এর সংসদ সদস্য ডা. আফছারুল আমীন। সরাইপাড়া সিটি কর্পোরেশন স্কুল ও কলেজ ভবন বিমাণে অর্থায়ন করবে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

উদ্বোধকের বক্তব্যে ডা. আফছারুল আমীন বলেন বর্তমান সরকার জনমুখী ও শিক্ষাবান্ধব সরকার। শিক্ষার গুণগত মান উন্নয়নে সরকার নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। যার ফলশ্রুতিতে ২০০৯ সালে শিক্ষার হার ছিল ৫০ শতাংশের নিচে। বর্তমান শিক্ষার হার ৭২.৭৬% এ উন্নীত হয়েছে। যা এ যাবতকালের শিক্ষার হার সর্বোচ্চ। শিক্ষার এই মান উন্নয়নে এ প্রতিষ্ঠানটিও এর অবিচ্ছেদ্য অংশ। তাই এ প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে তাঁর পক্ষ থেকে সর্বাঙ্গিক সহযোগিতা দিয়ে যাবেন বলে তিনি উল্লেখ করেন। স্থানীয় কাউন্সিলর আলহাজ্ব ছাবের আহমদের সভাপতিত্বে এ সভায় জামালখান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, কলেজের অধ্যক্ষ রওশন আক্তার, প্রধান শিক্ষক জুলফিকার আলী হায়দার বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে সিটি মেয়র বলেন সরাইপাড়া ওয়ার্ডটি নগরীর অবহেলিত একটি ওয়ার্ড। এই ওয়ার্ডের সড়ক উন্নয়ন, মেরামত ও সংস্কারসহ নালা-নর্দমা উন্নয়নে বিগত ৩ বছরে ৮৪ কোটি ১৭ লক্ষ ৮৬ হাজার টাকা ব্যয় হয়েছে। যা বিগত ২০ বছরেও এত টাকার উন্নয়ন কাজ হয়নি বলে মেয়র উল্লেখ করেন। তিনি বলেন বাংলাদেশ সরকারের শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫ তলা বিশিষ্ট নতুন একাডেমিক ভবন নির্মাণ ও উদ্ধমুখী সম্প্রসারণ নির্মাণের কাজ চলমান রয়েছে। নগরীতে নির্বাচিত সাংসদদের সুপারিশক্রমে এই ভবন নির্মাণ ও সংস্কার কাজ গ্রহণ করা হয়েছে। তৎজন্য মেয়র সংশ্লিষ্ট সাংসদদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানই পারে আলোকিত ও মূল্যবোধ সম্পন্ন সু-নাগরিক সৃষ্টি করতে। আমাদের সমাজে নীতি-নৈতিকতার যে অবক্ষয় চলছে, তা থেকে শিক্ষার্থীদের রক্ষা করতে শিক্ষাপ্রতিষ্ঠান গুলোর একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বর্তমানে অনেক শিক্ষার্থী মাদকাসক্ত ও অনৈতিক কার্যকলাপে জড়িয়ে পড়ছে। এটা আমাদের শঙ্কিত করে। একজন শিক্ষার্থী শুধু ভাল ফলাফল করলে চলবেনা, তাকে পরোপকারী ও নিজ গুণে গুণান্বিত হতে হবে। পরে সাংসদ ডা. আফছারুল আমীন বিদ্যালয় ও কলেজের নতুন ভবনের ভিত্তি প্রস্তর উদ্বোধন করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন